দৈনিক জনকণ্ঠ

NOV. 26 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী শিক্ষকরা ২ ডিসেম্বর পর্যন্ত টাকা তুলতে পারবেন

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)-এর শিক্ষক-কর্মচারী, যারা জুন-২০০১ থেকে অক্টোবর-২০০১ পর্যন্ত বেতন-ভাতাদির সরকারী অংশের টাকা অনিবার্য কারণে ২৫ নবেম্বরের মধ্যে উত্তোলন করতে পারেননি, তাদের জন্য আগামী ২ ডিসেম্বর পর্যন্ত সময়সীমা বর্ধিত করে অনুদান বন্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়কে অবহিত করা হয়েছে। উল্লিখিত প্রতিষ্ঠান প্রধানকে সংশ্লিষ্ট শাখা ব্যাংক থেকে অনুত্তোলিত টাকা উত্তোলন করার জন্য অনুরোধ করা হয়েছে। –তথ্য বিবরণী।